

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬১০
খোয়াই, ১ জুলাই, ২০২৪

তুলাশিখর ব্লকে পর্যালোচনাসভায় বনমন্ত্রী
সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রকৃত
সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে

তুলাশিখর ব্লক কার্যালয়ের মিলনায়তনে আজ ব্লকের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে এক পর্যালোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা। পর্যালোচনা সভায় বনমন্ত্রী বলেন, সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রকৃত সুবিধাভোগীদের কাছে পৌঁছে দিতে হবে। উন্নয়ন কর্মসূচি রূপায়ণের কাজ নির্দিষ্ট সময়ে শেষ করার উপরও বনমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। পর্যালোচনাসভায় বনমন্ত্রী জনজাতি কল্যাণ দপ্তরের প্রকল্পে সাঁওতাল সম্প্রদায়ের ২ জন সুবিধাভোগীর হাতে একটি করে সেলাই মেশিন তুলে দেন। সভায় উপস্থিত ছিলেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা, তুলাশিখর বিএসির চেয়ারম্যান প্রদীপ কুমার দেববর্মা, ভাইস চেয়ারম্যান সোতাম্বর দেববর্মা, এডিসি'র খোয়াই জোনাল চেয়ারম্যান বিশ্ব দেববর্মা প্রমুখ।

পর্যালোচনাসভায় ব্লকের বিডিও অভেদ লুঙমুয়ানা দার্লং তুলাশিখর ব্লকের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির তথ্য তুলে ধরেন। সভায় শিক্ষা, স্বাস্থ্য, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, কৃষি, বিদ্যুৎ, বন, পূর্ত, মৎস্য, গ্রামোন্নয়ন, শ্রম, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা এবং প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিকগণও ব্লকে সংশ্লিষ্ট দপ্তরের উন্নয়ন কর্মসূচি নিয়ে আলোচনা করেন।
